



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2020, held in 2021

BNGACOR01T-BENGALI (CC1)

প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও: ১০ × ৪ = ৪০
- একক - ১
- (ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী? কে এই গ্রন্থটি, কোথা থেকে আবিষ্কার করেন? গ্রন্থটির সাহিত্যিক মূল্য বিচার করো। ১+১+১+৭
- অথবা
- (খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির রচয়িতা কে? গ্রন্থটির আবিষ্কার বৃত্তান্ত সংক্ষেপে লেখো। এই গ্রন্থে সমকালীন সমাজচিত্রের যে প্রতিফলন লক্ষ্য করা যায় তার পরিচয় দাও। ১+২+৭
- একক - ২
- (গ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল প্রকৃতপক্ষে কবির সমকালীন অবক্ষয়িত সমাজজীবনেরই শিল্প-সংগীত — আলোচনা করো। ১০
- অথবা
- (ঘ) শিবায়ন কাব্যকে 'শিবমঙ্গল' আখ্যা দেওয়া কতদূর সংগত আলোচনা করো। প্রসঙ্গত, এই ধারার একজন উল্লেখযোগ্য কবির কাব্যকৃতির পরিচয় দাও। ৪+৬
- একক - ৩
- (ঙ) কবি কৃষ্ণিবাসকে মধুসূদন বলেছেন 'এ বঙ্গের অলঙ্কার'। — কৃষ্ণিবাসের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁর কাব্য-প্রতিভার মূল্যায়ন করো। ১০
- অথবা
- (চ) অনুবাদ সাহিত্য বলতে কী বোঝো? মহাভারতের তিনজন অনুবাদকের নাম লেখো। শ্রেষ্ঠ অনুবাদকের অনুবাদ কর্মের পরিচয় ও কবি-প্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো। ১.৫+১.৫+৭

একক - ৪

(ছ) বৈষ্ণব সাহিত্য ও দর্শনে বৃন্দাবনের ষড়গোস্বামীর ভূমিকা আলোচনা করো। ১০

অথবা

(জ) শাক্ত পদাবলীর জনপ্রিয়তার কারণ কী? এই ধারায় সাধক কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবি-প্রতিভার পরিচয় দাও। ৩+৭

২। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো: (অনধিক ১৫০ শব্দে) ৫×২ = ১০

(ক) বাংলা সাহিত্যের অন্ধকার যুগ

(খ) কবি বিজয় গুপ্ত

(গ) শ্রীকৃষ্ণবিজয়

(ঘ) খেতুরী-র মহোৎসব।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—